গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা পরিষদ

তাহিপুর, সুনামগঞ্জ

www.tahirpur.sunamganj.gov.bd

নভেম্বর/২০২২মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৮-১১-২০২২খ্রি. সময় : বেলা-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। নবাগত উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় উপস্থিত সকলের সাথে পরিচিতি পর্ব শেষ করেন। তিনি জানান মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকরের লক্ষে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং. | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্বায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর প্রতিনিধি সভায় সংযুক্ত হয়ে জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। উপজেলা কমপ্লেক্সে ভ্যাকসিন দেওয়া হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, যথাযথভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসা রোগীদেরকে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক ব্যবহার করে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | সিদ্ধান্ত ঃআলোচনান্তে সমগ্র বিশ্বে মহামারী কোভিড-১৯করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে যথাযথ ভাবে স্বাস্থ্য বিধি মেনে সরকারের নির্দেশনা মোতাবেক মেডিকেল টিমের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>২। জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুযায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়। একই সাথে চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে অধিকতর যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপ অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। রোপা আমন ধান আবাদ ৬৩৩৫ হেক্টর, ইতোমধ্যে কর্তন শুরু হয়েছে ৩৮০০ হেক্টর। ধানের ফসল খুব ভাল হয়েছে মর্মে সভায় জানান। বোর বীজতলা-১৩৫ হেক্টর, পতিত জমি ৪৪৫ হেক্টর আবাদের আওতায় আনার জন্য পরিকল্পনা করা হয়েছে। তাছাড়া মুজিব বর্ষে নির্মিত প্রধানমন্ত্রীর উপহার ঘর গুলোতে সবজী বীজ প্রদান করা হয়েছে। কৃষিযান্ত্রিকিকরণ প্রকল্পের আওতায় কম্বাইনড হারভেস্টার রিপার পাওয়ার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পর্যায়ে কৃষি যান্ত্রিকীকরণের আওতায় কম্বাইনড হারভেষ্টার, রিপার ও অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে, তার দপ্তরের জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। তাছাড়া প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান খামারীদের গবাদি পশুর খাদ্য দেওয়া হয়নি। এ বিষয়ে উপজেলা প্রাণী সম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>০২। প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগী করে তোলা, এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি খামারীদের গবাদি পশুর খাদ্য বিতরণের তারিখা যাচাই বাছাই করে প্রকৃত খামারীদের মধ্যে বিতরণ এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা উপজেলা প্রাণী সম্পদ অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। - |
| ০৫ | মৎস্য বিভাগ ঃ | উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর সম্প্রতি অন্যত্র বদলী হয়েছেন জানা গেছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য এবং মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে শুকনা মৌসুমে বিল ইজারাদারগণ যাতে বিল সেচ না করতে পারে। যদি এ বিষয়ে কোন প্রকার তথ্য পাওয়া যায় তাহার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য অফিসার তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়র নতুন বিল্ডিং নির্মাণাধীন রয়েছে। সে সকল বিল্ডিং এর কাজ গুণগতমান ভালো হচ্ছেনা, সে সকল বিদ্যালয়ের কাজ সঠিকভাবে তদারকির উপর জোর দেয়া প্রয়োজন। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জাতীয় দিবসে সংশ্লিষ্ট সকল শিক্ষকে উপস্থিতি নিশ্চত করা। সঠিক সময়ে বিদ্যালয়ে শিক্ষকগণের উপস্থিতি নিশ্চত করার বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>২। যে সকল সরকারি প্রাথমিক বিদ্যায়ের নতুন বিল্ডিং নির্মাণাধীন রয়েছে সে সকল বিল্ডিডিং এর কাজ গুণগতমান পরিদর্শন করে পরিদর্শণ প্রতিবিদেন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর ও উপজেহলা নির্বাহী অফিসার তাহিরপুর বরাবরে দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর/ উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ । |
| ০৭ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির প্রকল্প সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরকারি বিভাগীয় প্রধানগণের এবং সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প দাখিল করার জন্য চিঠি দেওয়া হয়েছিল তার মধ্যে ০৭ টি ইউনিয়নের স্কীমের তালিকা পাওয়া গিয়াছে। যেহেতু হাওর অঞ্চলের কাজ বাস্তবায়নের জন্য সময় খুব কম পাওয়া যায়। তাই জানুয়ারী/২০২২ এর মধ্যে টেন্ডার না করা হলে অসুবিধা হবে বলে মর্মে সভায় অবহিত করা হয়। সংশ্লিষ্ট স্কীমের তালিকা পরিশিষ্ট "খ" দেয়া হলো। তিনি আরও জানান পৌরসভাবিহীন উপজেলার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অধীনে ইতোমধ্যে তাহিরপুর বাজারে ড্রেন নির্মাণ করা হয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জরুরী ভিত্তিতে টেন্ডার কার্যক্রমের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, তহিরপুর, উপজেলা প্রকৌশলী, তাহিরপুরের অনুরোধ করা হয়।<br>২। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলার শেষ সীমানা অর্থাৎ বালিজুরী ইউনিয়নের পূর্ব দিক/ শেষ সীমানা সুনামগঞ্জ রোড তাহিরপুর উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল দ্বারা বাস্তবায়নের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অবশিষ্ট ড্রেন, বাজারের রাস্তা মেরামত,তাহিরপুর বাজারের ওয়াশ ব্লক, তাহিরপুর সদর হতে মধ্যনগর রাস্তা চেঃ ৭২০মিঃ কুমিরের খালের উপর কালভার্ট নির্মাণ প্রকল্প প্রস্তুত করা হয়েছে। প্রকল্প পরিচালক বরাবরে সর্বসম্মতিক্রমে প্রকল্প প্রাক্কলন প্রেরণ করা যেতে পারে।<br>সভায় আলোচনা করা হয় শাহআরেফিন মাজার রাস্তা নির্মাণ, যাদুকাটা রিভারভিউ, উপজেলা পরিষদের শেষ সীমনা অর্থাৎ বালিজুরী ইউনিয়নের পূর্ব দিক তাহিরপুর উপজেলার শেষ সীমানায় একটি গেইট নির্মাণ, বাদাঘাট ইউনিয়নে শিমুল বাগানে একটি রেস্টহাউজ নির্মাণের জন্য প্রস্তাব পাওয়া যায়। | | - |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিনরপুর সভায় জানান দাপ্তরি কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা অফিসার, তাহিরপুর |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। তাছাড়া অন্যান্য ভাতাভোগিরে বরাদ্দ আসেনাই। | সিদ্ধান্তঃ প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করে আবেদন ফরম উপজেলা সমাজসেবা অফিস তাহিরপুরে দাখিল করার জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কুইজ প্রতিযোগিতা মেলা/২০২২ সমাপ্ত হয়েছে। তাছাড়া বিজ্ঞান মেলা/২০২২ উদযাপন উপলক্ষে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বিজ্ঞান মেলা/২০২২ উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পালন করার জন্য উপজেলা সমবায় অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তারা যে সকল প্রতিষ্ঠানে কর্মরত রয়েছে তারা নিয়মিত কর্মস্থলে উপস্থিত না থেকেও তাদেরকে ভাতা দেওয়া হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তারা যে সকল প্রতিষ্ঠানে কর্মরত রয়েছে। সে সকল প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের নিয়মিত কর্মস্থলে উপস্থিতি যাচাই বাছাই করে প্রত্যয়ন পত্র দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন/ সংশ্লিস্ট সকল |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য ভিন্নমত প্রকাশ করেন। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার টিআর নগদ অর্থ, ( কাবিখা-কাবিটা ) নগদ অর্থ (টাকা) এবং খাদ্যশস্য (চাল-গম) সাধারণ কর্মসূচির আওতায় তাহিরপুর উপজেলার প্রাপ্ত ১ম বরাদ্দ কর্মসূচির আওতায় বরাদ্দের আলোকে জেলা হতে অনুমোদন পাওয়া যায়। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে২০২২-২০২৩অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখা-কাবিটা) সাধারণ কর্মসূচির আওতায় জেলা হতে অনুমোদন পাওয়া যায়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভার জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লীউন্নয়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর, সভায় জানান যে,দাপ্তরিকত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর, |
| ১৬ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, তাহিরপুর, দাপ্তরিক কার্যক্রম মসুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ১৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক অফিসার |
| ১৮ | বিবিধ | সভায় আলোচনা করা হয় তাহিরপুর উপজেলা একটি হাওর বেষ্টিত উপজেলা। হাওরের বেরীবাঁধ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রকল্প কমিটি গঠণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে হাওর ফসল রক্ষার বেরীবাধের বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রকল্প কমিটি গঠনের জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| | | বালিজুরী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান আনোয়ারপুর বাজার বালিজুরী ইউনিয়নের একটি গুরুত্বপূর্ণ বাজার। তাই উক্ত বাজাটিতে নিয়মিত গরু ছাগলের হাট স্থাপনের জন্য প্রস্তাব করেন। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আনোয়ারাপুর বাজার বালিজুরী ইউনিয়নের একটি গুরুত্বপূর্ণ বাজার তাই উক্ত বাজারটিতে গরু ছাগলের নিয়মিত হাট স্থাপনের বিষয়ে জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের সদয় অনুমোদনের প্রয়োজনীয়তা রয়েছে। এ বিষয়ে বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | জেলা প্রশাসক সুনামগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে মহামারী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সামাজিক দুরত্ব/ স্বাস্থ্য বিধি মেনে চলার অনুরোধ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২০২২

করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ



CamScanner

স্মারক নং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯-২০(৫০) তারিখ: ২৮-১১-২০২১খ্রি.

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
০৯। ..............................................................................................(জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল), সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১০। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। উপজেলা.................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১২। চেয়ারম্যান, ...........................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১৩। অফিস নথি/ মাস্টার ফাইল।

সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com

২৮/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের
সভাপতি: জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান
সভার স্থান: উপজেলা বঙ্গবন্ধু কনফারেন্স হল রুম

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল | চেয়ারম্যান উপজেলা পরিষদ কবিরহাট | |
| ০২ | জনাব সুব্রত [illegible] | উপজেলা নির্বাহী অফিসার কবিরহাট | |
| ০৩ | জনাব [illegible] | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কবিরহাট | [illegible] |
| ০৪ | জনাব [illegible] | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কবিরহাট | [illegible] |
| ০৫ | জনাব জুলফিকার আলী | চেয়ারম্যান [illegible] সদর ইউনিয়ন কবিরহাট | [illegible] |
| ০৬. | জনাব আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান [illegible] (দঃ) ইউনিয়ন | [illegible] |
| ০৭. | জনাব আলি [illegible] | চেয়ারম্যান [illegible] উত্তর ইউনিয়ন | [illegible] |
| ০৮ | জনাব. [illegible] | চেয়ারম্যান ধানসিঁড়ি ইউনিয়ন | [illegible] |
| ০৯ | জনাব. মামুন মিয়া | চেয়ারম্যান নরোত্তমপুর উত্তর ইউনিয়ন | [illegible] |
| ১০ | জনাব. আজাদ হোসেন | চেয়ারম্যান বাটইয়া ইউনিয়ন | [illegible] |

সময়: ১১:০০ ঘটিকা

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | মো: মোঃ জাহিদুল ইসলাম | [illegible] অফিসার | [signature] |
| ১২ | [illegible] | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] ২৪.১১.২০২২ |
| ১৩ | মোহাম্মদ মাহফুজুর রশীদ | সিনি: প্রতিনিধি ([illegible]) প্রাণিসম্পদ অধিদপ্তর | [signature] 28.11.2022 |
| ১৪ | মো: জসিম উদ্দিন | UFPO | [signature] |
| ১৫ | সাইফুল ইসলাম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা:প্রা:) | [signature] |
| ১৬ | ইসরাত জাহান রুমা | প্রশিক্ষক মহিলা বিষয়ক অধিদপ্তর | [signature] |
| ১৭ | আশীষ আচার্য | উপজেলা সমবায় কর্মকর্তা | [signature] |
| ১৮ | মো: মাসুদ হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার ([illegible]) | [signature] |
| ১৯ | মো: নুরুল আমিন | URDO | [signature] |
| ২০ | মো: আব্দুল জব্বার | [illegible] | [signature] |
| | | | |